

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৯

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ দ্বিতীয় হাদীস যা, ইলমে হাদীসে জ্ঞান মজবুত নয়, এমন ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, পুরো ঈমান হলো মুখে শাহাদাহ এর স্বীকৃতি দেওয়া; অঙ্গ-প্রত্যঙ্গের মাধ্যমে আমল ঈমানের সাথে যুক্ত নয়

ذِكْنُ خَبَرٍ ثَانٍ أَوْهَمَ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّ الْإِيمَانَ بِكَمَالِهِ هُوَ الْإِقْرَارُ بِاللِّسَانِ دُونَ أَنْ يَقْرنَهُ الْأَعْمَالُ بِالْأَعْضَاءِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَحْيَى بْنِ زُهَيْرٍ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ بِسْطَامٍ حَدَّثَنَا أَبُو دَاؤُدَ حَدَّثَنَا شُعْبَةُ عَنِ الْأَعْمَشِ وَحَبِيبِ بْنِ أَبِي ثَابِتٍ وَعَبْدِ الْعَزِيزِ بْنِ رُفَيْعٍ عَنْ زَيْدِ بْنِ وَهْبِ عَنْ أَبِي ذَرٍّ عَنْ الْأَعْمَشِ وَحَبِيبِ بْنِ أَبِي ثَابِتٍ وَعَبْدِ الْعَزِيزِ بْنِ رُفَيْعٍ عَنْ زَيْدِ بْنِ وَهْبِ عَنْ أَبِي ذَرٍّ عَنْ اللَّهُ مَلْ اللَّهُ دَخَلَ الْجَنَّةَ" فَقُلْتُ: قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ دَخَلَ الْجَنَّةَ" فَقُلْتُ: وَإِنْ سرق".

الراوي : أُبو ذَرِّ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 169 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৬৯. আবু যার আল গিফারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: 'যে ব্যক্তি 'লা ইলাহা ইল্লাল্লাহ' বলবে, সে জান্নাতে প্রবেশ করবে।' আমি বললাম: 'যদি সে ব্যভিচার করে, যদি সে চুরি করে?' তিনি জবাবে বলেন: 'যদিও সে ব্যভিচার করে, যদিও সে চুরি করে।'[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৩২২২; সহীহ মুসলিম: ৯৪; তিরমিযী: ২৬৪৪; ইবনু মাজাহ: ; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৪; মুসনাদ আহমাদ: ৫/১৫২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৮২৬।)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন